



## নতুন উদ্ভাবন সার্ক অঞ্চলকে এগিয়ে নেবে

- এম এ মান্নান, অর্থ প্রতিমন্ত্রী

সার্ক অঞ্চলের বিশাল জনশক্তি ও প্রাকৃতিক সম্পদ কাজে লাগাতে কার্যকর উদ্ভাবনা খুঁজে বের করতে গবেষকদের প্রতি আহ্বান জানিয়েছেন অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এম এ মান্নান। সার্ক ডকুমেন্টেশন সেন্টারের সহযোগিতায় ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে গবেষণা পদ্ধতির ওপর দশ দিনের কোর্সে বক্তৃতা দানকালে তিনি একথা বলেন। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আহমদ শফি এবং সার্ক ডকুমেন্টেশন সেন্টারের উপ-পরিচালক কেসাং ডিচেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান ড. দিলারা বেগম।